



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/ ৭৭০

তারিখ: ২৪/০৮/১৭

বিষয়: মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান সংক্রান্ত

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের ১০-০২-২০১৬ তারিখের স্মারক ৩৭.০০.০০০০.০৭২.০৬.০৩৮.১৬.৫৪৪ নং পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যালয়টির নবম/দশম শ্রেণি খোলার লক্ষ্যে নিম্নে আরোপিত শর্তে ও উল্লেখিত বিষয়সমূহ ০১-০১-২০১৭ নবম ও ০১-০১-২০১৮ হতে দশম শ্রেণিতে ০৩(তিন) বছরের জন্য মানবিক শাখায় পাঠদানের অনুমতি প্রদান করা হ'ল।

- ১। নবম শ্রেণি: আবশ্যিক বিষয়সমূহ:  
(ক) বাংলা, (খ) ইংরেজি, (গ) গণিত, (ঘ) ধর্ম ও নৈতিক শিক্ষা (ঙ) শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা।
- ২। মানবিক শাখার জন্য আবশ্যিক বিষয় ৪ (চ) বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা (ছ). ভূগোল ও পরিবেশ (জ). অর্থনীতি/পৌরনীতি ও নাগরিকতা (ঝ). বিজ্ঞান।
- ৩। ঐচ্ছিক বিষয়সমূহ: যে কোন ০১টি। পাঠ্যক্রম অনুযায়ী।  
শর্তসমূহ:  
১। প্রকল্পের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।  
২। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে NTRCA আইন-২০০৫ অনুসরণ করতে হবে।  
৩। নবম/দশম শ্রেণি খোলার অনুমতিকে প্রথম পর্যায়ে ০৩ (তিন) বছরের জন্য অর্থাৎ আগামী ৩১-১২- ২০১৬ পর্যন্ত পাঠদানের অনুমতি বলে গণ্য করতে হবে। কোন অবস্থাতেই একে স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না।  
৪। উক্ত মেয়াদের মধ্যে স্বীকৃতি প্রাপ্তির সকল শর্ত পূরণে ব্যর্থ হলে এবং পাঠদানের অনুমতি নবায়ন না করা হলে উক্ত অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। সেক্ষেত্রে উক্ত বিদ্যালয় পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বিরত হবে।  
৫। শিক্ষা মন্ত্রণালয়ের ১৬-০৬-২০০৯ তারিখের এস.আর. ও নং ১৫৩/আইন/২০০৯ নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে।  
৬। অত্র পত্র ইস্যুর তারিখ থেকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিদ্যালয়ের জন্যে বিধি মোতাবেক মোট ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি "নির্বাহী কমিটি" গঠন পূর্বক বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে। উল্লেখ্য অস্থায়ী স্বীকৃতি না পাওয়া পর্যন্ত এই নির্বাহী কমিটি দ্বারা বিদ্যালয় পরিচালিত হবে এবং যে সকল বিদ্যালয়ে অনুমোদিত নির্বাহী/ম্যানেজিং কমিটি আছে তাদের ক্ষেত্রে নতুনভাবে কমিটি গঠনের প্রয়োজন নেই।  
৭। আগামীতে পরীক্ষার ফল সংখ্যাগত ও গুণগতভাবে সন্তোষজনক করতে হবে।  
৮। সিলেবাস অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে।  
৯। বোর্ডের পূর্বানুমতি ছাড়া সংরক্ষিত তহবিলের অর্থ কোনক্রমেই উত্তোলন করা যাবে না।  
১০। জাতীয় দিবসসমূহ উদযাপন এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের আয়োজন করতে হবে।  
১১। লাইব্রেরীতে পুস্তক সংখ্যা কাম্য পরিমাণে বৃদ্ধি করতে হবে।  
১২। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মহিলা কোটা অবশ্যই পূরণ করতে হবে।

প্রধান শিক্ষক  
টেস্‌ল ইংলিশ ভার্শন স্কুল (১৩৬৮৯১)  
ডাক : আদ্বারদর্গা, উপজেলা : দৌলতপুর  
জেলা : কুষ্টিয়া।

(ড. মোঃ আহসান হাবীব)  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর  
ফোন : ০৪২১-৬৮৬৩৪

স্মারক নং-বিঅ-৬/ ৭৭০(১-২)  
অবগতির জন্যে অনুলিপি প্রেরিত হল:

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৩। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড (পলাশী, নীলক্ষেত), ঢাকা-১২০৫
- ৪। প্রকল্প পরিচালক, এসইএসডিপি, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৬। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৭। সিস্টেম এনালিস্ট, শিক্ষা বোর্ড, যশোর। পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল
- ৮। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া
- ১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া
- ১১। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ১২। সংরক্ষণ নথি

(ড. মোঃ আহসান হাবীব)  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর